



জগন্নাথ বিশ্ববিদ্যালয়  
Jagannath University



## বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের নবনিযুক্ত ট্রেজারার শ্রদ্ধা নিবেদন



৬ ডিসেম্বর ২০২৩-বুধবার জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের নবনিযুক্ত ট্রেজারার অধ্যাপক ড. মোঃ হুমায়ূন কবীর চৌধুরী ধানমন্ডি ৩২ নম্বরে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে শ্রদ্ধা নিবেদন করেন। এসময় বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন অনুষদের ডিন, ইনস্টিটিউটের পরিচালক, প্রভোস্ট, বিভাগীয় চেয়ারম্যানবৃন্দ, শিক্ষক-শিক্ষিকা, প্রক্টর, ছাত্র-ছাত্রী, জগন্নাথ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি, নীল দল, কর্মকর্তা সমিতি, সাংবাদিক প্রতিনিধি ও কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন।

ট্রেজারার মহোদয় শ্রদ্ধা নিবেদন শেষে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান স্মৃতি জাদুঘর পরিদর্শন করেন এবং পরিদর্শন বইয়ে অনুভূতি লিপিবদ্ধ করেন।

উল্লেখ্য গত (৫ ডিসেম্বর ২০২৩) তারিখ মহামান্য রাষ্ট্রপতি ও জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের চ্যান্সেলর-এর অনুমোদনক্রমে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের এক অফিস আদেশের মাধ্যমে জগন্নাথ বিশ্ববিদ্যালয় আইন, ২০০৫ এর ১২(১) ধারা অনুযায়ী জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের মার্কেটিং বিভাগের অধ্যাপক ড. মোঃ হুমায়ূন কবীর চৌধুরী-কে ট্রেজারার পদে পরবর্তী চার বছরের জন্য নিয়োগ প্রদান করা হয়।